



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।

প্রশাসন বিভাগ



নম্বর ১৪.৩২.০০০০.৪০০.২৬.০৪৫.২২.৮১

তারিখ: ৯ মাঘ ১৪২৯

২৩ জানুয়ারি ২০২৩

সীমিত দরপত্র বিজ্ঞপ্তি

বিষয়: কমিশনের ০১(এক)টি মাইক্রোবাস মেরামতের জন্য সীমিত দরপত্র বিজ্ঞপ্তি।

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর ০১(এক)টি মাইক্রোবাস (টয়োটা হাইচ-২০১০) মেরামতের নিমিত্ত কমিশনের হালনাগাদ তালিকাভুক্ত আগ্রহী যানবাহন মেরামতকারী গ্যারাজ/ওয়ার্কশপসমূহের নিকট হতে নিম্নবর্ণিত শর্তানুযায়ী নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

১।	মন্ত্রণালয়/বিভাগ	ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়।
২।	দরপত্র আহ্বানকারী প্রতিষ্ঠান	বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)
৩।	দরপত্রের বিবরণ	কমিশনের মাইক্রোবাস নং-ঢাকা মেট্রো-চ-৫৩-৩৪৫৬ গাড়ি মেরামতের যন্ত্রাংশ সরবরাহ ও আনুষঙ্গিক মেরামত কাজ।
৪।	দরপত্র বিজ্ঞপ্তির নং ও তারিখ	১৪.৩২.০০০০.৪০০.২৬.০৪৫.২২.৮১, তারিখঃ ২৩/০১/২০২৩ খ্রিস্টাব্দ।
৫।	ক্রয় পদ্ধতি	সীমিত দরপত্র পদ্ধতি (Limited Tendering Method)
৬।	দরপত্র সিডিউল বিতরণের শেষ তারিখ ও সময়	আগামী ২৪/০১/২০২৩ তারিখ হতে ৩০/০১/২০২৩ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত।
৭।	দরপত্র দাখিলের তারিখ ও সময়	আগামী ৩১/০১/২০২৩ তারিখ, সময়ঃ বেলা ২:০০ ঘটিকা পর্যন্ত।
৮।	দরপত্র দাখিলের স্থান	বিটিআরসি, আইইবি ভবন (৬ষ্ঠ তলা), রমনা, ঢাকা-১০০০।
৯।	দরপত্র উন্মুক্তকরণের তারিখ ও সময়	আগামী ৩১/০১/২০২৩ তারিখ, সময়ঃ ২:৩০ ঘটিকা।
১০।	দরপত্রদাতার সংক্ষিপ্ত যোগ্যতার ও উপযুক্ততা	(ক) দরদাতা প্রতিষ্ঠানকে কমিশনের হালনাগাদ তালিকাভুক্ত যানবাহন মেরামতকারী গ্যারাজ/ওয়ার্কশপ হতে হবে। (খ) কমিশনে তালিকাভুক্ত পত্র দরপ্রস্তাবের সাথে দাখিল করতে হবে।
১১।	দরপত্র দলিলের মূল্য (টাকা)	বিনামূল্যে
১২।	অন্যান্য শর্তাবলী	(ক) আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে প্রতিষ্ঠানের নিজস্ব লেটারহ্যাড প্যাডে ও নির্ধারিত দরপত্র সিডিউল যথাযথভাবে পূরণ করতঃ সিলমোহরকৃত খামে দরপ্রস্তাব দাখিল করতে হবে এবং দরপত্র সিডিউলের প্রতিটি পাতায় দরপ্রস্তাবকারী প্রতিষ্ঠানের সিল ও স্বাক্ষর থাকতে হবে। (খ) দরপত্র সিডিউলে উল্লেখিত অন্যান্য শর্তাবলী অনুসরণ করে দরপ্রস্তাব দাখিল করতে হবে। (গ) দরপত্রের সকল কার্যক্রম পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ মোতাবেক পরিচালিত হবে। (ঘ) বিটিআরসি দরপত্র দলিলের শর্তাবলীর যে কোন পরিবর্তন/পরিবর্তন/সংশোধন করতে পারে। (ঙ) দরপত্র বিজ্ঞপ্তি বিটিআরসি'র ওয়েবসাইট www.btrc.gov.bd তে পাওয়া যাবে।
১৩।	কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে বিটিআরসি সকল দরপত্র বা দরপত্র প্রক্রিয়া বাতিল করিবার অধিকার সংরক্ষণ করে।	

২৩-১-২০২৩

শহিদুর রহমান

উপ পরিচালক

ফোন: +৮৮০ ২ ৯৬১১১১১, এক্স-২৪৩

ফ্যাক্স: +৮৮০ ২ ৯৫৫৬৬৭৭

ইমেইল: srahman@btrc.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- কমিশনের তালিকাভুক্ত হালনাগাদকৃত যানবাহন মেরামতকারী প্রতিষ্ঠান
- সিনিয়র সহকারী পরিচালক, আইটি শাখা, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিজ্ঞপ্তি বিটিআরসি'র ওয়েবসাইট এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- সিনিয়র সহকারী পরিচালক, প্রশাসন বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
- ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
- ব্যক্তিগত সহকারী, প্রশাসন বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন